দৈনিক
ইনকিলাব

তারিখ 21 MAR 2007
পৃষ্ঠা ১২ কলাম ৫

*শিক্ষাঋণ ও শিক্ষাছুটি বিধি লংঘন*

# অভিযুক্ত ১০৯ শিক্ষকের তালিকা মেলাতে পারছে না ঢাবি কর্তৃপক্ষ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষাঋণ ও শিক্ষাছুটি বিধি লংঘনের দা অভিযুক্ত ১০৯ শিক্ষকের তালিকা মেলা পারছে না ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তালিকাভুক্ত বেশ কয়েকজন শিক্ষকে নথিপত্রের কোন হদিস পাওয়া যাচ্ছে বলেও জানা *১১-এর পৃঃ ৬-এর কঃ দেখু*

## অভিযুক্ত ১০৯ শিক্ষকের

*১২-এর পৃষ্ঠার পর*

গেছে। তিনদিনের মধ্যে স্থানীয় রাজ অধিদপ্তরে এ বিষয়ে রিপোর্ট করার ক থাকলেও ঢাবি কর্তৃপক্ষ গতকাল (মঙ্গলবা পর্যন্ত কোন চিঠি ইস্যু করেনি। এজন্য রাজ অধিদপ্তরের কাছে বিশ্ববিদ্যালয়কে নতুন ক জবাবদিহি করতে হবে বলে জানা গেছে।

শিক্ষাঋণ ও শিক্ষাছুটি বিধি লংঘনের দা দেশের দশটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২৪ জন শিক্ষকের তালিকা প্রস্তুত করে রাজ অধিদপ্তর। গত বৃহস্পতিবার রাজস্ব অধিদপ্ত এসব শিক্ষকের বৃত্তান্ত বিবরণ চেয়ে ভিসিদে বরাবরে পত্র প্রেরণ করে। পত্র পাওয়া তিনদিনের মধ্যে শিক্ষকদের তালিকা প্রস্তু করে অনুপস্থিতির ওপর ইস্যু ভিত্তিক নিরীক্ষ প্রতিবেদন এবং অন্তর্ভুক্ত শিক্ষকের ছুটিকালী বেতন স্কেল ও মূল বেতনের তথ্য তৈরি কে রিপোর্ট করার নির্দেশ দেয়। প্রাপ্ত রিপোর্টে ভিত্তিতে রাজস্ব অডিট অধিদপ্তর এসব শিক্ষকে বিরুদ্ধে এ্যাকশনে যাবে বলে জানা গেছে।

চিঠি দেয়ার প্রায় এক সপ্তাহ অতিবাহিত হলে অধিকাংশ বিশ্ববিদ্যালয় চিঠির জবাব দেয়নি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিযুক্ত ১০৯ শিক্ষকে বৃত্তান্ত সংগ্রহের কাজ গতকালও চলেছে। জা গেছে, অভিযুক্ত শিক্ষকদের ১০৩ জনের নথিপ পাওয়া গেছে। বাকি ৬ জনের ফাইলের হদি পাচ্ছে না প্রশাসনিক ভবনের কর্মকর্তারা। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ বলেন, চিঠি পাওয়ার পর আমরা কাজ শুরু করেছি, বিষয়টি অনেক পুরনো বিধায় ফাইল-পত্র সংগ্রহ করতে একটু সময় লাগছে। রিপোর্ট প্রস্তুত করে শিগগিরই রাজস্ব অধিদপ্তরে প্রেরণ করা হবে বলে তিনি জানান।